**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/31/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# স্কুলগুলোতে ভুয়া হুমকির পরিমাণ বেড়ে যাওয়ায় গভর্নর হোকল নজরদারি বৃদ্ধির ঘোষণা দিয়েছেন

***'সোয়াটিং' বা ভুয়া হুমকির কল বেড়ে যাওয়ার মধ্যেই শিক্ষার্থীদের সুরক্ষার জন্য নির্দিষ্ট পরিকল্পনা বাস্তবায়ন করতে স্টেটের জনসুরক্ষা এবং শিক্ষা ক্ষেত্রের নেতৃত্বের সাথে গভর্নর দেখা করেছেন***

***নিউ ইয়র্ক জুড়ে থাকা স্কুল প্রশাসকদেরকে নিজেদের প্রস্তুতি ও সুরক্ষা সংক্রান্ত পদক্ষেপের মূল্যায়ন করার জন্য নির্দেশ দিতে তাদেরকে নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং শিক্ষা দপ্তরের তরফ থেকে চিঠি পাঠানো হয়েছে***

সম্প্রতি স্টেট এবং দেশজুড়ে বোমাতঙ্ক, কিছু পাওয়ার জন্য কাউকে বন্দী করে রাখা অথবা খুনের মতো ভুয়া গুরুতর আইন বাস্তবায়ন সংক্রান্ত জরুরি পরিস্থিতি বা "সোয়াটিং" কল বেড়ে যাওয়ার প্রেক্ষিতে গভর্নর ক্যাথি হোকল আজ নজরদারি বৃদ্ধির ঘোষণা দিয়েছেন। স্কুলের সুরক্ষা প্রোটোকলের ব্যাপারে সব স্কুল এবং স্থানীয় পুলিশের কাছে যাতে সর্বশেষ নির্দেশিকা থাকে ও স্কুলগুলোতে সমস্ত শিক্ষার্থীর নিরাপত্তা থাকে তা নিশ্চিত করতে প্রস্তুতি ও সুরক্ষা সংক্রান্ত পদক্ষেপের সমন্বয় তৈরি করতে গভর্নর হোকল আজ দিনের শুরুতেই স্টেটের জনসুরক্ষা এবং শিক্ষাক্ষেত্রের নেতাদের সাথে দেখা করেছেন।

"নিউ ইয়র্কের প্রত্যেক শিশুরই স্কুলে নিরাপদ বোধ করাটা একটা ন্যায্য পাওনা এবং প্রত্যেক বাবা-মায়ের এই বিশ্বাস থাকা উচিত যে দিনের শেষে তাদের সন্তান বাড়িতে ফিরবে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের সব শিক্ষার্থী যাতে নিরাপদে থাকে তা নিশ্চিত করতে স্টেট এবং স্থানীয় আইন বাস্তবায়নকারী সংস্থাগুলো নজরদারি বাড়িয়ে দিয়েছে এবং জরুরি পরিস্থিতি মোকাবিলা করার জন্য আমাদের কর্মীরাও প্রস্তুত। একদিকে যখন দেশজুড়ে এই ভুয়া আতঙ্ক বা হুমকির ঘটনা দেখা যাচ্ছে, ঠিক তখন নিউ ইয়র্ক সক্রিয়ভাবে পদক্ষেপ নিচ্ছে, যাতে এগুলো এখানে না ঘটে।"

**নিউ ইয়র্ক স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেন্ডেন্ট স্টিভেন এ. নিগ্রেলি বলেন,** "আমাদের শিশু এবং শিক্ষক-শিক্ষিকাদেরকে শিক্ষার জন্য নিরাপদ ও সুরক্ষিত পরিবেশের ব্যাবস্থা করে দেওয়া আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ। তবে এটা জেনে নিশ্চিন্ত হতে পারেন যে আমরা স্কুলের সুরক্ষা উন্নতি সংক্রান্ত টিম এবং আমাদের স্থানীয় আইন

বাস্তবায়নকারী সংস্থার ব্যাপারে আমাদের এজেন্সি পার্টনারদের সাথে সক্রিয়ভাবে কাজ করি, যাতে তাদের প্রচেষ্টাকে আরো মজবুত করা যায়। আগামী দিনেও আমরা এটা করতে থাকব। আমি এটা স্পষ্টভাবে বলতে চাই যে আমাদের স্কুলে ব্যাঘাত ঘটানো এবং স্টেটের মূল্যবান রিসোর্সকে ভুলপথে চালিত করা এই ধরনের ঘটনাকে কখনোই বরদাস্ত করা হবে না। যারা এগুলো করছেন আমরা তাদেরকে খুঁজে বের করবই।"

**নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা বিভাগের কমিশনার ড. বেট্টি এ. রোসা বলেন,** "আমাদের শিক্ষার্থী এবং স্কুলে থাকা কর্মীদের নিরাপত্তা আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ। স্কুল কমিউনিটির কাছে জ্ঞাত বা অজ্ঞাত, সব হুমকিই শিক্ষা এবং মানসিক স্বাস্থ্যের পথে বাধা তৈরি করে। এই ধরনের হুমকির ক্ষেত্রে পদক্ষেপ নিতে যাতে শিক্ষকদের কাছে প্রয়োজনীয় যথাযথ এবং পর্যাপ্ত রিসোর্স থাকে ও কোনো বাধা ছাড়াই শিক্ষা চলতে পারে তা সুনিশ্চিত করতে স্কুলগুলোর সাথে সক্রিয় ও চালু থাকা যোগাযোগ এবং স্কুলের সুরক্ষা পরিকল্পনাকে আপ টু ডেট রাখতে সহায়তা দেওয়া গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই চ্যালেঞ্জগুলোর মধ্যে দিয়ে পথ দেখাতে আমরা স্টেট এবং স্থানীয় স্তরে আইন বাস্তবায়নকারী সংস্থায় থাকা আমাদের পার্টনার এবং গভর্নর হোকলের সাথে কাজ করা চালিয়ে যাব। বাধা জয় করতে শিক্ষক এবং শিক্ষার্থীদের অঙ্গীকার ও সহনশীলতা এবং অধ্যবসায় থেকে অনুপ্রেরণা পাওয়া যায়।"

**নিউ ইয়র্ক স্টেট ইউনাইটেড টিচার্স সংগঠনের প্রেসিডেন্ট অ্যান্ডি পাল্লোট্টা বলেন,** "আমরা এটা বার বার বলেছি: আমাদের স্কুলের শিশুদের নিরাপত্তা স্টেটজুড়ে শিক্ষকদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ। এই বিষয়ে গভর্নরের দ্রুত মনোনিবেশ করা এবং আমাদের স্কুলগুলোতে যেকোনো হুমকির বিষয় গুরুত্ব দিয়ে মোকাবিলা করতে স্কুলের প্রশাসক এবং আইন বাস্তবায়নকারী সংস্থাগুলোর বর্তমানের অঙ্গীকারের আমরা প্রশংসা করছি। আমাদের সরকারি স্কুলগুলোকে নিরাপদ রাখা এবং সবার জন্য ভালো পরিবেশ বজায় রাখতে আমাদেরকে আন্তরিক প্রচেষ্টা চালাতে হলে অবশ্যই একজোট হতে হবে।"

স্টেটের জনসুরক্ষা এবং শিক্ষা ক্ষেত্রের নেতৃত্বের সাথে দেখা করা ছাড়াও বেড়ে যাওয়া "ভুয়া হুমকির" কল এবং ন্যাশভিলে সোমবার গুলি চালানোর ঘটনার পরিপ্রেক্ষিতে প্রস্তুতি ও সুরক্ষা সংক্রান্ত পদক্ষেপের পর্যালোচনা করতে নিউ ইয়র্ক স্টেট জুড়ে থাকা স্কুলের নেতৃত্বকে নির্দেশ দিতে একটি চিঠি পাঠাতে নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং স্টেটের শিক্ষা বিভাগ যাতে যৌথভাবে কাজ করে, তার জন্য গভর্নর হোকল পদক্ষেপ নিয়েছেন।

চিঠির সম্পূর্ণ টেক্সট নীচে দেখুন:

*প্রিয় স্কুল নেতৃবৃন্দ,*

*মার্কিন যুক্তরাষ্ট্রের আর একটি স্কুলে অভাবনীয় ঘটনা ঘটেছে। এই সপ্তাহে ন্যাশভিলে তিনজন শিশু এবং তিনজন স্টাফ সদস্যকে গুলি করে হত্যা করা হয়। এই ঘৃণ্য ও দুঃখজনক ঘটনায় যে সব ব্যক্তি এবং পরিবার প্রভাবিত হয়েছে, তাদের প্রতি আমাদের আন্তরিক সমবেদন রইল।*

*বেশ কয়েকদিন পর, গুলি চালানোর সক্রিয় হুমকির কারণে আপনাদের অনেকের স্কুলের দিনে ব্যাঘাত ঘটেছে। আমাদের স্টেটের প্রায় প্রত্যেক অঞ্চলে তিন ডজনেরও বেশি স্কুলে এরকম হুমকি কল করা হয়েছে।*

*এই হুমকির ঘটনাগুলোকে "ভুয়া হুমকির" ঘটনা - বা বোমাতঙ্ক, জিম্মি পরিস্থিতি বা হত্যার মতো গুরুতর ভুয়া জরুরি অবস্থা বলে মনে করা হচ্ছে। আইন বাস্তবায়নকারী সংস্থাগুলো এই সব হুমকির তদন্ত করেছে এবং সেগুলো ভুয়া বলে জানতে পেরেছে। তবুও এই ধরনের ঘটনাগুলো শিশু, বাবা-মা এবং স্টাফদের মধ্যে প্রবল উদ্বেগ, বিভ্রান্তি এবং মানসিক পীড়া তৈরি করেছে ও আইন বাস্তবায়নকারী সংস্থার মূল্যবান রিসোর্সকে একটি জায়গায় আবদ্ধ করে রেখেছে। যেখান থেকে এই হুমকিগুলো দেওয়া হচ্ছে তার উৎস খুঁজে এবং যারা এসব করছে তাদেরকে গ্রেফতার করতে স্থানীয়, স্টেট এবং ফেডারেল স্তরে পুলিশ কাজ করছে।*

*যেকোনো ঘটনার সম্ভাবনার জন্য স্কুলের প্রশাসক এবং নেতৃত্বের টিমের প্রস্তুত থাকা গুরুত্বপূর্ণ। তবে সুরক্ষা সংক্রান্ত এই বাড়তি উদ্বেগজনক পরিস্থিতিতে প্রস্তুতির জন্য একটি নিরাপদ ও শান্ত পরিবেশ তৈরি, সর্বোপরি আইন বাস্তবায়ন সংস্থা এবং স্কুল কর্মকর্তাদের মধ্যে স্পষ্ট যোগাযোগ বিশেষভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।*

*ন্যাশভিলের দুর্ভাগ্যজনক ঘটনা এবং পরবর্তীতে সহিংসতা ভুয়া হুমকির প্রেক্ষিতে শিক্ষার্থী ও স্টাফকে নিরাপদে রাখার জন্য প্রয়োজনীয় প্রক্রিয়া এবং পদ্ধতির ব্যাপারে সচেতনতা বজায় রাখার পাশাপাশি শিক্ষার্থী এবং স্টাফদের বাড়তি মানসিক চাপ কমাতে স্কুল কর্মকর্তারা আগে থেকে ঠিক করা যেকোনো মহড়া স্থগিত করতে পারেন। যে স্কুলগুলোকে মহড়া করতেই হবে, তাদেরকে অত্যন্ত যত্নশীল ও সতর্ক হয়ে তা করতে হবে, এর জন্য সব অংশগ্রহণকারীকে জানিয়ে দিতে হবে যে সেটা একটা মহড়া। শেষ হওয়ার পর, সেরা উপায় হলো শিক্ষার্থী এবং স্টাফদেরকে সম্পূর্ণ করা মহড়া নিয়ে প্রশ্ন করার জন্য সময় বের করা।*

*- উপরে উল্লেখ করা পর্যালোচনাগুলো করা ছাড়াও স্কুলের নেতৃত্বকে যে কাজ সাথে সাথে করতে হবে।*
*- আপনার বিল্ডিং-লেভেল রেসপন্স প্ল্যান পর্যালোচনা করুন, যা NYS শিক্ষা আইনের সেকশন 2801-A অনুযায়ী প্রযোজ্য এবং নিশ্চিত করুন যে আপনি NY এমার্জেন্সি রেসপন্স কার্ড S.H.E.L.L সংক্রান্ত নির্দেশিকা মেনে চলছেন।*
*- ক্রিটিক্যাল ইন্সিডেন্ট কমান্ড সিস্টেম (ICS) ভূমিকা পালনের জন্য দায়িত্বপ্রাপ্ত স্টাফের সাথে দেখা করা*
*- বার্ষিক মহড়ার শর্তাবলী মেনে চলা, যেটি হলো আপৎকালীন পরিস্থিতি মোকাবিলার ক্ষেত্রে শিক্ষার্থী ও স্টাফদেরকে প্রশিক্ষণ দেওয়ার সেরা উপায়।*
*আপনার স্থানীয় আইন বাস্তবায়নকারী সংস্থার সাথে আপনি যে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তুলেছেন, সেটা ছাড়াও আপনার যদি রিসোর্স বা অতিরিক্ত প্রশিক্ষণের প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে নীচে দেওয়া যোগাযোগের তথ্য ব্যবহার করে যোগাযোগ করতে দ্বিধা বোধ করবেন না। NYSED এবং স্টেট পুলিশ এই পরিস্থিতির উপর খুব কাছ থেকে নজর দেওয়ার প্রক্রিয়া চালিয়ে যাবে। এছাড়া স্টেট পুলিশ কমিউনিটি আউটরিচ কোঅর্ডিনেটররা সেই সব স্কুল ডিস্ট্রিক্টের সাথে*

*সরাসরি ফলো আপ করবেন, যেখানে হুমকি দেওয়া হয়েছে, যাতে এটা নিশ্চিত করা যায় যে তাদের কাছে সব তথ্য আছে এবং তাদের কোনো প্রশ্ন থাকলে যেন উত্তর দেওয়া যায়।*

*বাড়তি সাবধানতা বা আশ্বাস হিসাবে, কোনো স্থানীয় বা জাতীয় স্তরের ঘটনার পরবর্তী পদক্ষেপ হিসাবে বা কোনো হুমকি পাওয়ার পর কয়েক দিন বা সপ্তাহ ধরে স্কুলের মধ্যে স্টেট এবং/অথবা আইন বাস্তবায়নকারী সংস্থা নিজেদের উপস্থিতি বাড়াতে পারেন।*

*যারা সুরক্ষা সংক্রান্ত চরম ঝুঁকির নির্দেশ (ERPO) পেতে পারেন, তাদের জন্য 2022 সালে গভর্নর হোকল রেড ফ্ল্যাগ সুরক্ষা আইনকে আরো মজবুত করেছেন। শিক্ষক-শিক্ষিকা, গাইডেন্স কাউন্সেলর, স্কুলের সাইকোলজিস্ট, স্কুলের নার্স এবং কোচের মতো স্কুলের বেছে নেওয়া নির্দিষ্ট লোকজন এবং স্কুলের প্রশাসক ছাড়াও এর মধ্যে রয়েছেন:*

*- পুলিশ অফিসার*
*- ডিস্ট্রিক্টের অ্যাটর্নি*
*- পরিবার বা পরিবারের সদস্য। এর মধ্যে রয়েছেন:*
    *- যে সব লোকজন বৈধভাবে বিবাহিত বা বিবাহ-বিচ্ছিন্ন*
    *- যেসব লোকজনের ক্ষেত্রে দত্তক নেওয়া সন্তান সহ একজন কমন শিশু রয়েছে*
    *- বিবাহ সূত্রে তৈরি হওয়া আত্মীয়তা, যেমন শ্বশুরবাড়ির লোকজন*
    *- ভাই, বাবা-মা, কাজিনের মতো রক্তের সূত্রে তৈরি আত্মীয়তা*
    *- আত্মীয় নন এমন লোকজন, যারা বেশ কিছু সময়ের জন্য বসবাস করেন বা একসাথে বসবাস করেন*
    *- আত্মীয় নন এমন লোকজন, যাদের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক আছে (বর্তমানে বা আগে), যেমন ডেটিং করছেন এমন সমলিঙ্গের জুটি এবং কিশোর-কিশোরী।*

*আইন এবং নিজেদের বা অন্যদের ক্ষেত্রে যারা বিপজ্জনক, তাদের কাছ থেকে বন্দুক সরিয়ে নিয়ে এটি কিভাবে স্কুল কমিউনিটিকে সুরক্ষা দেয়, সব স্টাফ এবং নেতৃত্ব যাতে বুঝতে পারে, তা স্কুলের দিক থেকে নিশ্চিত করাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কোনো নির্দিষ্ট ব্যক্তির ক্ষেত্রে যদি স্কুল কর্তৃপক্ষের কোনো উদ্বেগ থাকে, তাহলে ERPO প্রক্রিয়ার ব্যাপারে নিউ ইয়র্ক স্টেট কোর্ট সিস্টেমের ওয়েবসাইটে বিশদ তথ্য রয়েছে।*

*ডিস্ট্রিক্ট স্তরের সুরক্ষা প্ল্যানের পর্যালোচনায় অন্তর্ভুক্ত, স্কুলগুলোর প্যানিক অ্যালার্ম সিস্টেম ব্যবহারের কথা বিবেচনা করা উচিত, যেগুলো ব্যয়বহুল নয় এবং বাণিজ্যিকভাবে উপলভ্য ও প্রাণ সংশয়কারী বা জরুরি পরিস্থিতি তৈরি হলে, স্টাফ এবং প্রশাসকরা সে ব্যাপারে দ্রুত ইঙ্গিতের মাধ্যমে সবচেয়ে কাছাকাছি থাকা আইন বাস্তবায়নকারী সংস্থার কর্মকর্তাদের জানাতে পারবেন। 2022 সালে অ্যালিসার আইনের প্যাসেজের মাধ্যমে এই শর্তটি চালু করা হয়।*

*আপৎকালীন জবাবের প্ল্যানিংয়ের রিসোর্স নিউ ইয়র্ক স্টেট সেন্টার ফর স্কুল সেফটির ওয়েবপেজে রয়েছে, যার মধ্যে রয়েছে এই শিরোনামের একটি নতুন ভিডিও, "প্রতিটি সেকেন্ড মূল্যবান" যেটি স্কুলে আপৎকালীন পরিস্থিতিতে S.H.E.L.L. প্রতিক্রিয়া জানানোর উপায় সম্পর্কে বিশদ বিবরণ জানানোর জন্য NYS স্কুল সুরক্ষা উন্নয়ন টিমের সাথে যৌথ উদ্যোগে*

*NYS ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এবং এমার্জেন্সি সার্ভিস তৈরি করেছে। মনে রাখবেন যে ভিডিওটি প্রাপ্তবয়স্কদের জন্য তৈরি করা হয়েছে এবং শিক্ষার্থীদের এটি দেখা উচিত নয়।*

*অন্যান্য স্টেট এজেন্সি এবং স্টেট পুলিশের সাথে যৌথ উদ্যোগে শিক্ষার্থীদেরকে সহায়তা সেবা দেওয়ার ব্যাপারে স্টেটর শিক্ষা বিভাগ আগামী দিনেও নির্দেশনা এবং রিসোর্স দিতে থাকবে। আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে SafetyPlans@nysed.gov ইমেল আইডিতে যোগাযোগ করুন।*

*আমাদের শিশু এবং শিক্ষক-শিক্ষিকাদের জন্য একটি নিরাপদ শিক্ষার পরিবেশ তৈরি করা আমাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ এবং আমরা যেকোনো উপায়ে সাহায্য করার জন্য প্রস্তুত।*

*###*

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418